দৈনিক সংবাদ

তারিখ 27 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

ডকুমেন্টেশন কেন্দ্র

# ৯৭ জন বিশ্ববিদ্যালয় শিক্ষক অননুমোদিত ছুটিতে, ৫৯ জন অপসারণ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বর্তমানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মোট ৯৭ জন শিক্ষক/শিক্ষিকা দেশের বাইরে অননুমোদিত ছুটি কাটাচ্ছেন। এদের মধ্যে ৫৯ জনকে অপসারণ করা হয়েছে। গত শনিবার জাতীয় সংসদে সাংসদ মোঃ নিয়ামত উল্লাহর এক প্রশ্নে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার এ তথ্যটি দিয়েছেন।

তিনি সংসদে বলেন, সর্বমোট ৫৩৮ জন বিশ্ববিদ্যালয় শিক্ষক দেশের বাইরে শিক্ষা ছুটিতে আছেন। এরমধ্যে অননুমোদিত ছুটিতে আছেন ৯৭ জন। বিস্তারিত তথ্যে দেখা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছুটিতে

শিক্ষক ঃ পৃঃ ২ কঃ ৫

## শিক্ষক ঃ অননুমোদিত ছুটিতে

( ১ম পৃষ্ঠার পর )

অবস্থানরত ১৩১ জন শিক্ষকের মধ্যে অননুমোদিত ছুটিতে আছেন ১১ জন। এর মধ্যে ৩ জনের নথি সিন্ডিকেটে পেশ করা হয়েছে এবং বাকি ৮ জনকে কাজে যোগদানের চূড়ান্ত নোটিশ দেয়া হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছুটিতে আছেন ১২৯ জন শিক্ষক। এর মধ্যে অননুমোদিতভাবে আছেন ৫৯ জন। এই ৫৯ জনকেই চাকুরি থেকে অপসারণ করা হয়েছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছুটিতে অবস্থান-রত শিক্ষকের সংখ্যা ১১৭। এর মধ্যে অননুমোদিত ২১ জন। ১৬ জনকে কাজে যোগদানের চূড়ান্ত নোটিশ ও ৫ জনকে চার্জশিট প্রদান করা হয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৫০ জনের মধ্যে ১ জন অননুমোদিত ছুটিতে আছেন এবং তার বিরুদ্ধে প্রচলিত নিয়মানুযায়ী ব্যবস্থা নেয়া হচ্ছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৪৯ জন শিক্ষকের ছুটির মধ্যে ২ জনের অননুমোদিত এবং এদের বিরুদ্ধে চাকরি বিধি অনুযায়ী ব্যবস্থা গৃহীত হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছুটিতে আছেন ৪৯ জন শিক্ষক, যার মধ্যে ৩ জনের কোন অনুমোদন নেই। তাদের বিরুদ্ধেও প্রচলিত নিয়মানুযায়ী কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করেছেন।